

একটিভিটি ফর রিফরমেশন অব বেসিক নীডস-আরবান

কলেজ রোড, রাজপাড়া, পূর্বধলা, নেত্রকোণা।

অনলাইন প্ল্যাটফর্মে অনুষ্ঠিত পাক্ষিক সভার কার্যবিবরণী

তারিখ : ৩ নভেম্বর ২০২২ খ্রী:
সময় : রাত ৯.০০টা
অনলাইন প্ল্যাটফর্ম : জুম এ্যাপস ব্যবহারের মাধ্যমে।

স্বাগত বক্তব্য ও উদ্বোধন :

সময়ের জনপ্রিয় অনলাইন প্ল্যাটফর্ম জুম এ্যাপস ব্যবহারের মাধ্যমে ভিডিও কনফারেন্সে গত ৩ নভেম্বর ২০২২ তারিখে আরবান ও এর অঙ্গ সংগঠনসমূহের ম্যানেজারদের নিয়ে এক পাক্ষিক সভা অনুষ্ঠিত হয়। রাত ৯টায় সকলে যুক্ত হওয়ার পর আরবান এর নির্বাহী পরিচালক সৈয়দ আরিফুজ্জামান সকলের উদ্দেশ্যে স্বাগত বক্তব্য প্রদান করেন।

সভায় যুক্ত ছিলেন :

- ❖ সৈয়দ আরিফুজ্জামান (নির্বাহী পরিচালক, আরবান)।
- ❖ আবুল আরশাদ (প্রোগ্রাম কো-অর্ডিনেটর, আরবান)।
- ❖ ফিরোজ মিয়া (প্রশাসনিক কর্মকর্তা, আরবান একাডেমি)।
- ❖ সুহাদা মেহজাবিন (প্রোগ্রাম কো-অর্ডিনেটর, আরবান)।
- ❖ এন এম মামুন (ম্যানেজার, এইচ আর ও আইটি)।
- ❖ আজাদ ইমরান (প্রোগ্রাম ম্যানেজার, আরবান)।
- ❖ অসীম কুমার দত্ত (প্রোগ্রাম ম্যানেজার, বাংলাদেশে ঝুঁকিপূর্ণ শিশুশ্রম নিরসন প্রকল্প)।
- ❖ মোস্তাক আহমেদ খান (ম্যানেজার, আজকের আরবান)।
- ❖ রিমা আক্তার (ম্যানেজার, আরবান আইটি, পূর্বধলা)।

সভা পরিচালনা :

- এন এম মামুন, ম্যানেজার, এইচআর এন্ড আইটি, আরবান।
- সুহাদা মেহজাবিন, প্রোগ্রাম কো-অর্ডিনেটর, আরবান।

আলোচ্যসূচী:

- ১) গত মাসের মাসিক সমন্বয় সভা ও এর কার্যবিবরণী নিয়ে আলোচনা।
- ২) এনজিও বিষয়ক ব্যুরোর রেজিস্ট্রেশন নবায়ন।
- ৩) কর্মপরিকল্পনা বাস্তবায়ন।
- ৪) অফিসে সময়মতো উপস্থিতি ও হোয়াটসএ্যাপ গ্রুপে লোকেশন শেয়ার।
- ৫) গ্রুপে সকলের একটিভ থাকা।
- ৬) আরবান একাডেমিতে ডিজি ক্লাস পরিচালনা ও পরিদর্শন।
- ৭) আরবান একাডেমির জন্য কন্টেন্ট সংগ্রহ।
- ৮) আরবান একাডেমি ও আরবান আইটির জন্য হ্যান্ডআউট তৈরি।
- ৯) ভর্তির জন্য অনলাইনে প্রচারণা।
- ১০) আজকের আরবানকে আরো সচল এবং নিয়মিত নিউজ পাবলিশ করা।
- ১১) অনলাইন মিটিংয়ে প্রফেশনাল আচরণ ও সকলকে আরো সুন্দরভাবে উপস্থাপন।
- ১২) আরবান এর ভবিষ্যৎ পরিকল্পনা।

সিদ্ধান্তসমূহ :

- ১) প্রতি মাসের শেষ সপ্তাহের শনিবারে নিয়মিত মাসিক সমন্বয় মিটিং অনুষ্ঠিত হবে।
- ২) আরবান এর এনজিও বিষয় ব্যুরোর নিবন্ধন নবায়নের জন্য নির্বাহী পরিচালকের প্রতি সকলের ধন্যবাদ জ্ঞাপন। ২০৩২ সাল পর্যন্ত এই নিবন্ধনের মেয়াদ কার্যকর হবে।
- ৩) সকল প্রতিষ্ঠানের ম্যানেজারকে নিজ নিজ কর্মপরিকল্পনা বাস্তবায়নের প্রতি জোর নির্দেশনা প্রদান কার হয়। কর্মপরিকল্পনা বাস্তবায়নে যেকোন বিষয় নিয়ে নির্বাহী পরিচালকের পরামর্শসহ সুহাদা মেহজাবিন ও এন এম মামুনের কাছ থেকে সহায়তা প্রদান করা হবে।
- ৪) গত কয়েকদিন সকল অফিসে উপস্থিতি সঠিক সময়ে ছিলো। নিয়মিত সঠিক সময়ে অফিসে উপস্থিত থাকতে হবে এবং হোয়াটসএপ গ্রুপে কারেন্ট লোকেশন শেয়ার করতে হবে।
- ৫) হোয়াটসএপ গ্রুপে সকলের আরো বেশি একটিভ থাকতে হবে। যেকোন বিষয় নিয়ে গ্রুপে মতামত শেয়ার করা যাবে।
- ৬) নিয়মিত আরবান একাডেমিতে ল্যাপটপ ও প্রজেক্টরের মাধ্যমে ডিজিটাল ক্লাস পরিচালনা করতে হবে এবং সপ্তাহে পৃথকভাবে ৩দিন সুহাদা মেহজাবিন, এন এম মামুন ও ইমরান আজাদের ডিজি ক্লাস পরিচালনা করতে হবে।
- ৭) আরবান একাডেমির জন্য প্রাক-প্রাথমিক ক্লাসের জন্য দ্রুত বিজয় ডিজিটালের কন্টেন্ট সংগ্রহ করতে হবে।
- ৮) আরবান একাডেমি ও আরবান আইটির জন্য লিফলেট, স্টিকার ও বিভিন্ন ধরণের হ্যান্ডআউট তৈরি করতে হবে।
- ৯) আরবান একাডেমি ও আরবান আইটিতে ভর্তির জন্য ফেসবুক পেইজ প্রমোশনে দিয়ে প্রচারণা চালাতে হবে।
- ১০) আজকের আরবানে নিয়মিত টার্গেটকৃত সংবাদ পাবলিশ করতে হবে। উপজেলা প্রতিনিধিদের সাথে যোগাযোগ ও স্থানীয় সংবাদের দিকে গুরুত্ব দিতে হবে।
- ১১) অনলাইন মিটিংয়ে সকলকে নিজে থেকে আরো প্রফেশনালভাবে উপস্থাপন করতে হবে। টেকনিক্যাল বিষয় থেকে শুরু করে সকল বিষয়গুলো স্মার্টলি করতে হবে।
- ১২) সকল প্রতিষ্ঠানের কর্মপরিকল্পনা বাস্তবায়নের পর আরবানকে আরো সুউচ্চ জায়গায় দেখতে চাওয়ার প্রয়াস ব্যক্ত করেন সকলে। নতুন প্রকল্প বাস্তবায়ন ও নিয়মিত কার্যক্রমগুলো সুন্দরভাবে পরিচালনা করার জন্য সকলেই অঙ্গীকারাবদ্ধ।

পরবর্তী মিটিং :

পরবর্তী মিটিং ১৭ নভেম্বর ২০২২ তারিখ রাত ৯.০০টায় অনলাইন প্লাটফর্ম জুম ব্যবহারের মাধ্যমে অনুষ্ঠিত হবে।

সভার সমাপ্তি :

সকল আলোচনা সম্পন্ন করার পর সমাপনী বক্তব্যের মধ্য দিয়ে সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন আরবান এর নির্বাহী পরিচালক সৈয়দ আরিফুজ্জামান।

প্রস্তুতকারী

(সুহাদা মেহজাবিন)
প্রোগ্রাম কো-অর্ডিনেটর
আরবান।

অনুমোদনকারী

(সৈয়দ আরিফুজ্জামান)
নির্বাহী পরিচালক
আরবান।